শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি

মেহেরপুর-৭১০০।

মুজিব শতবর্ষ MUJIB 100

ফোন নং-০৭৯১-৬২৪১১,৬২২৫৮,ই-মেইল: gmmpbs@gmail.com,Web:http//:pbs.meherpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৭৮৭.৫৩০.০১.০৩৮.২১. ৩৯১০

তারিখ: ১০ আগষ্ট' ২০২১ খ্রি:
২৬ শ্রাবণ' ১৪২৮ বঙ্গাব্দ

বিষয় ঃ- **পাওয়ার ট্রান্সফরমার পরিবহন এর RFQ প্রসঙ্গে।**

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির নিজস্ব তহবিলের আওতায় অত্র পবিসের গাংনী-১ উপকেন্দ্র এবং জীবননগর-১ (উথলী) উপকেন্দ্রে হতে ০২ টি ১.৬৬৭ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার ট্রাকে লোডিং করে মেরামতের নিমিত্ত সিষ্টেম অপারেশন কেন্দ্রীয় ওয়ার্কশপ ,বাপবিবো , খুলনা পর্যন্ত পরিবহনসহ লোডিং-আনলোডিং প্রকৃত পরিবহন ঠিকাদার/সেবাদানকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে রিকুয়েষ্ট ফর কোটেশন (RFQ) আহবান করা হলো।

| ক্রঃ নং | মালামালের বিবরণ | কোম্পানী | পরিমাণ | ওজন | হতে | পর্যন্ত | মোট দূরুত্ব | উদ্ধৃত মোট মূল মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ১ ফেজ ৩৩/১১ কেভি পাওয়ার ট্রান্সফরমার ১.৬৬৭ এমভিএ সিরিয়াল নং-৮৫৩০৩৫-২৫ | হাইকো | ০১ টি | ৪৭৫৬ কেজি | গাংনী-১ উপকেন্দ্র | সিষ্টেম অপারেশন কেন্দ্রীয় ওয়ার্কশপ ,বাপবিবো, শিরোমনি, খুলনা . লোডিং, আনলোডিংসহ | ২০৫কিঃমিঃ (সড়কপথে) | |
| ০২ | ১ ফেজ ৩৩/১১ কেভি পাওয়ার ট্রান্সফরমার ১.৬৬৭ এমভিএ সিরিয়াল নং-৩৪ | এনার্জি প্যাক লিঃ | ০১ টি | ৬২৫০ কেজি | জীবননগর-১ উপকেন্দ্র | সিষ্টেম অপারেশন কেন্দ্রীয় ওয়ার্কশপ ,বাপবিবো, শিরোমনি, খুলনা লোডিং, আনলোডিংসহ | ১৩৩কিঃমিঃ (সড়কপথে) | |
| ০৩ | ১ ফেজ ৩৩/১১ কেভি পাওয়ার ট্রান্সফরমার ১.৬৬৭ এমভিএ | তিয়ানজিন চায়না | ০১ টি | ৬১০২ কেজি | সিষ্টেম অপারেশন কেন্দ্রীয় ওয়ার্কশপ ,বাপবিবো, শিরোমনি, খুলনা লোডিং, আনলোডিংসহ | আলমডাঙ্গা -১ উপকেন্দ্র | ১৫০কিঃমিঃ (সড়কপথে) | |

**শর্তাবলী ঃ**

০১। আগ্রহী দরদাতাগন আগামী ১৭/০৮/২০২১ ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকায় নিজস্ব লেটার হেড প্যাডে উল্লেখিত"ছক" মোতাবেক সীল মোহরকৃত দরপত্র মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো ঢাকা এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করিতে হইবে। দরপত্র সমূহ ঐ দিনই বেলা ১২ঃ ৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।

০২। প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহর ও স্বাক্ষর সংযুক্ত করিয়া খামে সীল গালা ব্যবহার পূর্বক দর দাখিল করিতে হইবে।

০৩। দরপত্রের সাথে দরদাতা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট রেজিষ্ট্রেশন, ব্যাংক সলভেন্সী, পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি( যদি থাকে) দাখিল করতে হবে।

০৪। পরিবহন কাজ প্রয়োজন অনুসারে রাস্তা, উচ্চ ক্ষমতা সম্পন্ন ক্রেন, ট্রেইলর, জ্যাক, কাঠের স্লিপার, ইত্যাদি ব্যবহারের মাধ্যমে সম্পন্ন করতে হবে।

০৫। ট্রান্সফরমার লোডিং/আনলোডিং ক্ষেত্রে যেখানে গমন পথে ড্রাইভারশন রাস্তা নির্মাণ, যে কোন ধরনের বাধা অপসারণ পুনঃনির্মান ও ক্ষতিপূরন দান এবং উক্ত যন্ত্রপাতি পরিবহন সহ যাবতীয় ব্যয় অন্তর্ভুক্ত ।

০৬। সম্পুর্ন পরিবহনের জন্য যে সকল পদ্ধতি, যানবাহন ও যন্ত্রপাতি ব্যবহার করা হবে, তার উপযুক্ততা পূর্বেই সংশ্লিষ্ট দপ্তর হতে গ্রহন করতে হবে।

০৭। বর্ণিত পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের পূর্বে যে অবস্থায় বুঝে নেয়া হবে সে অবস্থায় গন্তব্যে পৌছাতে হবে। ট্রান্সফরমার পরিবহনকালে কোন ক্ষতি হলে ক্ষতি পূরন বাবদ যাবতীয় অর্থ পরিবহন ঠিকাদারের নিকট হতে আদায়যোগ্য হবে।

০৮। বর্ণিত পাওয়ার ট্রান্সফরমার নিজ খরচে নির্দিষ্ট সময়ের মধ্যে উল্লেখিত উপকেন্দ্রে পরিবহন সহ প্যাডে স্থাপন করতে হবে।

০৯। সরকারী নিয়ম অনুযায়ী বিল হতে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

১০। নির্ধারিত সময়ে মালামাল পরিবহন সন্তোষজনকভাবে সম্পন্ন হওয়ার পর চালান ও বিল দাখিল স্বাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১১। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল পরিবহনে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য দাখিলকৃত বিলের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশের) বেশী হবে না।

১২। দরপত্র সমুহ মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক যথাযথভাবে মূল্যায়ন করা হবে। মূল্যায়ন শেষে বৈধ ও গ্রহনযোগ্য দর দাতা প্রতিষ্ঠানকে পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের জন্য কার্যাদেশ প্রদান করা হবে।

১৩। খামের উপরে স্পষ্টাক্ষরে "পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের দরপত্র" কথাটি লিখতে হবে।

১৪। অসম্পূর্ন দরপত্র বাতিল বলে গন্য হবে। শর্ত বহির্ভূত কোন বিষয়ের উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

১৫। সমিতি কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যাতিরেকে যে কোন/সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষন করে।

২০.০৮-২২

(প্রকৌঃ নূর মোহাম্মদ)
জেনারেল ম্যানেজার

অনুলিপি ঃ-

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। জেলা প্রশাসক/পুলিশ সুপার, মেহেরপুর/চুয়াডাঙ্গা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার........................১/২/৩।
০৪। ডিজিএম (চুয়াডাঙ্গা/আলমডাঙ্গা/গাংনী- কারিগরী-সদর দপ্তর), জোনাল অফিস, মেপবিস।
০৫। এজিএম (অর্থ-হিসাব/এম এস/নিপর), মেপবিস।
০৬। নোটিশ বোর্ড, মেপবিস।
০৭। অফিস কপি/ মাষ্টার কপি ।

(সদয় অবগতি ও বিজ্ঞপ্তটি নোটিশ বোর্ডে বহুল প্রচারের অনুরোধসহ।)

২০.০৮-২২

(প্রকৌঃ নূর মোহাম্মদ)
জেনারেল ম্যানেজার

F:\FARJANA\GS\GS-EC\GS.....(RFQ).docx